

2 APR 2003  
৭৪০

**বিসিএসআইআর-এ মঈন খান  
ছাত্রছাত্রীদের প্রতি  
বিজ্ঞান শিক্ষায় মনোনিবেশ  
করার আহ্বান**

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিমন্ত্রী ড. আবদুল মঈন খান বিজ্ঞানমনোভক্তা সৃষ্টির লক্ষ্যে কঠোর পরিশ্রম ও সাধনার সঙ্গে বিজ্ঞান শিক্ষায় মনোনিবেশের জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

সোমবার বিকেলে বিসিএসআইআর গবেষণাগারওলো পরিদর্শনকারী নরসিংদী জেলার ৫টি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে মন্ত্রী এ আহ্বান জানান।

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব কারার মাহমুদ হাসান, বিসিএসআইআর-এর চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আমজাদ হোসেন, পরমাণু পতি কমিশনের চেয়ারম্যান ড. নঈম চৌধুরী, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের হুণ্ড-সচিব ডা. খাদিজা বেগম অন্যদের মধ্যে এ সময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে নরসিংদী জেলার ৫টি বিদ্যালয়ের ৫০ জন ছাত্রছাত্রী বিসিএসআইআর গবেষণাগারওলো পরিদর্শন করে। বিদ্যালয়গুলো হলো পলাশ উচ্চ বিদ্যালয়, গয়েশপুর পাইলট উচ্চ বিদ্যালয়, মোড়ানাল পাইলট উচ্চ বিদ্যালয়, নূর মোহাম্মদ গার্লস হাইস্কুল ও বৃন্দী মো. উচ্চ বালিকা বিদ্যালয়। সংবাদ বিজ্ঞপ্তি।